গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়
**হিসাব ভবন**
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ ।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০১০.১১.৮৭৪.১৯-২৮৬ তারিখঃ ০১-০৩-২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখার প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১২.১৪-২৭ তারিখ ১৬-০২-২০২১ খ্রিঃ এর প্রজ্ঞাপনটি পৃষ্ঠাংকন করতঃ আদিষ্ট হয়ে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। ডিসিজিএ- প্রশাসন/হিসাব/পদ্ধতি/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিইউ ।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। পিএস টু-সিজিএ।
৭। পিএ টু-সিজিএ/অতিঃ সিজিএ-প্রশাসন/অতিঃ সিজিএ-হিসাব/ অতিঃ সিজিএ-পদ্ধতি।
৮। অফিস কপি/গার্ড ফাইল ।

(কামরুননেছা)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক(পদ্ধতি)
ফোনঃ ৮৩৬২৯১৩।
dcgaproc@cga.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১২.১৪-২৭

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

সরকারি কর্মচারীগণ পিআরএল-এ গমনের পর কতদিন পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ)-এর সুবিধা প্রাপ্য হবেন অর্থাৎ সর্বোচ্চ কতমাস জিপিএফ-এ অর্থ জমা দিতে পারবেন ও মুনাফা প্রাপ্য হবেন, চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে মুনাফা প্রাপ্য হবেন কিনা এবং চুক্তিকালীন সময়ে নতুন করে সাধারণ ভবিষ্য তহবিলে যোগদান করার সুযোগ রয়েছে কিনা ইত্যাদি বিষয়াদি নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো:

(১) পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এর ২.০৬(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ অবসরগমনের পরদিন অর্থাৎ পিআরএল শুরুর দিন হতে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্য হবেন। অর্থাৎ সংশ্লিষ্ট কর্মচারী পিআরএল-এ গমনের পরও ০৬ (ছয়) মাস পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিলে প্রচলিত হারে অর্থ জমা দিতে পারবেন এবং উক্ত সময় পর্যন্ত মোট জমার উপর মুনাফা প্রাপ্য হবেন;

(২) চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তিভিত্তিক নিয়োজিত না হলে যে তারিখে পিআরএল শুরু হতো সে তারিখ হতে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত সাধারণ ভবিষ্য তহবিলে প্রচলিত হারে অর্থ জমা দেয়া যাবে এবং মোট জমার উপর মুনাফা প্রদেয় হবে; এবং

(৩) উক্ত ০৬ (ছয়) মাস সময় অতিবাহিত হওয়ার পর চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ এর বিধি-৪ (নোট) অনুসরণে স্বেচ্ছাধীন চাঁদাদাতা হিসেবে পুনরায় নতুনভাবে ভবিষ্য তহবিলে যোগদান করতে পারবেন। কিন্তু এক্ষেত্রে তহবিলে জমাকৃত অর্থের মুনাফা হিসাবকালে তাঁর পূর্বে জমাকৃত অর্থ বিবেচনা করা হবেনা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(খালেদা নাছরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০১৮১

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১২.১৪-২৭(১০০)

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব------------------------------------------------------সকল মন্ত্রণালয়/বিভাগ।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫। সচিব, জন বিভাগ/আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অতিঃ সিজিএ (পদ্ধতি)
ডাইরী নম্বর:.......... তারিখ..........
ডিসিজিএ (পদ্ধতি) ঃ অতি জরুরী
এএন্ডএও (পদ্ধতি-১) ঃ পরীক্ষা করে মতামত দিন
এএন্ডএও (পদ্ধতি-২) ঃ পরীক্ষা করে মতামত দিন

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৮। বিভাগীয় কমিশনার----------------------------------------------------------------------------(সকল)।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি:/জনতা ব্যাংক লি:/অগ্রণী ব্যাংক লি:/রূপালী ব্যাংক লি:/বাংলাদেশ কৃষি ব্যাংক লি:/বিডিবিএল ব্যাংক লি:/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লি: রাজশাহী।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক---------------------------------------------------------------------- (সকল)।
তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২। উপ পরিচালক,বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-বাংলাদেশ গেজেটে প্রকাশের এবং প্রকাশিত গেজেটের ৫০০ (পাঁচশত) কপি অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা------------------------------------------------------------------- (সকল)।
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, FSMU, অর্থ বিভাগ--------------------প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব- এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ------------------------------------(সকল)।

১৮/০২/২০২১
(খালেদা নাছরিন)
সিনিয়র সহকারী সচিব